

লালমনিরহাটে শিক্ষক নিয়োগের নামে অর্থ আত্মসাত ॥ মামলা করে বাদী বিপাকে

লালমনিরহাট, ১০ মার্চ মিষ্টি সংবাদদাতা ॥ শিক্ষক নিয়োগের কথা বলে টাকা আত্মসাত মামলার আসামীর জামিনে ছাড়া পেয়ে বাদীকে মারধর, জোর করে সাদা ট্যান্সের ওপর হাফের আদায় এবং প্রাণনাশের হুমকি দিয়েছে। আসামীদের ভয়ে বাদীর পরিবার এখন নিরাপত্তাহীন।

জানা গেছে, জেলা সদরের বড়বাড়ি ইউনিয়নের নওদাবাস গ্রামের শিক্ষিত যুবক দীলিপ কুমার সরকারকে একই এলাকার নয়ারহাট ডি-মুখী উচ্চ-বিদ্যালয়ে কার্যতীর্থ হিসাবে শিক্ষক নিয়োগের প্রলোভন দেখিয়ে ওই স্কুলের প্রধান শিক্ষক অতুলচন্দ্র রায় ৫৬ হাজার টাকা হাতিয়ে নেয়। কিন্তু দীর্ঘদিনেও চাকরি না দেয়ায় দীলিপ কুমার সরকার টাকা ফেরত চাইলে তাকে হুমকি দেয়া হয়। পরে নিরুপায় দীলিপ কুমার গত ১৩ অক্টোবর '০২ প্রধান শিক্ষক অতুলচন্দ্র রায়কে আসামী করে ম্যাজিস্ট্রেট আদালতে প্রত্যারণ্য মামলা করলে পুলিশ আসামীকে গ্রেফতার করে জেলহাজতে পাঠায়। পরে আসামী জামিনে ছাড়া পেয়ে সদলবলে গত ৪ মার্চ সকাল ১১টায় জেলা শহরের বানিয়াদীঘির আমেরতল নামক স্থানে দীলিপ কুমার সরকারকে (২৯) আটক করে মারধর করে এবং ১০০ ও ৫০ টাকা মূল্যের সাদা ট্যান্সের হাফের আদায় করে। এ ব্যাপারে লালমনিরহাট থানায় সাধারণ ডায়েরি করা হয়েছে। এদিকে, আসামীর লোকজন দীলিপের পরিবারকেও হুমকি দিচ্ছে। আসামীদের ভয়ে দীলিপ এলাকা ছেড়ে পালিয়ে বেড়াচ্ছে।